

তারিখ : ০১/০৫/২০২৬ইং

বরাবর,

উপ- পরিচালক, (ভারপ্রাপ্ত)

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি,

গাংনী, মেহেরপুর।

বিষয়ঃ ফিল্ড ম্যানেজার মোছাঃকল্পনা খাতুন এর শাখায় আচরণগত বিশৃঙ্খলা প্রসঙ্গে।

জনাব,

যথা বিহীত সন্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে আমার হোসেনাবাদ শাখার ফিল্ড ম্যানেজার মোছাঃকল্পনা খাতুন (১৮৭১) গত ২২/০২/২০২৬ ইং তারিখে অএ শাখায় যোগদান করার পর থেকে তার দায়িত্বাধীন ব্লকের সদস্যদের সাথে খারাপ আচরণ ও সহকর্মীর নামে গীবত এবং অফিসের আশে পাশের বসবাসরত কিছু কিছু মানুষের সাথে বাগড়া বামেলা করে আসছে এতে করে শাখার কর্ম পরিবেশ নষ্ট সহ সংস্থার ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে বলে মনে করি।

নিম্নে তার কার্যকলাপ সম্পর্কে আলোচনা করা হলঃ

গত ৩০/০৪/২০২৬ ইং তারিখে দৌলতপুর খান পাড়াতে সমিতিতে আদায় করতে গিয়ে তিতাস সমিতির সদস্য মোছাঃ সুমাইয়া খাতুনের এবং বর্তমান এমপির ভাগ্নে সম্পর্কে নানান কুরূচিপূর্ণ কথা অএ সমিতির সদস্য আছিয়া খাতুনের নিকট বলে যা পরবর্তিতে আছিয়া সুমাইয়া খাতুনকে বলে দেয় এর ফলশ্রুতিতে এমপির ভাগ্নে আমাকে অফিসে এসে মারার জন্য খুজে বেড়ায় এবং অফিসের সকল প্রকার কার্যক্রম বন্ধ করে দেওয়ার হুমকি দেয়। পরবর্তিতে প্রধান কার্যালয় এবং স্থানীয় ব্যক্তিবর্গের সহযোগিতায় এমপির ভাগ্নের নিকট ক্ষমা পার্থনা করে মার হতে রক্ষা ও অফিস খোলার অনুমতি নিয়ে অফিসের কার্যক্রম চালু করি কিছু দিন আগে আমাকে মোবাইলে রেখে পদ্মা সমিতির সদস্য মোছাঃতসলিমার ছেলের সাথে খুব উচ্চস্বরে চিৎরাচিৎরি করে এতে করে উক্ত সদস্যর ছেলে আমাকে অফিসে এসে অভিযোগ দেয়। অফিসের পাশের বাড়িতে অনেক উচ্চস্বরে বাগড়া করে যার আংশিক ভিডিও ফুটেজ আমার কাছে সংরক্ষিত আছে। অএ শাখার কর্মী বারণা খাতুনের নামে তার নিকা করা উপলক্ষে নানান কুকথা অফিসের আশেপাশে রটনা করে বেড়িয়েছে যার প্রমান স্বয়ং অফিসের বাসা মালিক। শাখায় যোগদান কালীন সময় হতে প্রত্যেকটা সূচক নিম্নগামী

ক্রমিক	সূচক সমূহ	যোগদানকালীন তথ্য	বর্তমান তথ্য	পার্থক্য
০১	সদস্য	২৭২	২৬৫	(৭)
০২	সঞ্চয়স্থিতি	১৩,১৯,২৬৪	১২,৫৬,১১৪	(৬৩,১৫০)
০৩	ঋণস্থিতি	৭০,১৯,২৭২	৬৫,২১,৪৭৪	(৪,৯৭,৭৯৮)
০৪	বকেয়া	২৩,১৮,৯৮৭	২৩,৬৮,৭৩৫	৪৯,৭৪৮
০৫	ওটিআর	৯৬.২২	৯৬.০১	(০.২১)
০৬	পার	৩৪.১৭	৩৭.৮৭	৩.৭০

অতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয় বিবেচনায় করে প্রয়জনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

মোঃআজমল হুসাইন

শাখা ব্যবস্থাপক

হোসেনাবাদ শাখা